# সুন্দরবনের সুন্দরী গাছ, সবচেয়ে সেরা সেই যে গাছ ......

সুন্দরবনের সুন্দরী গাছ .... গানটি সাতের দশকের প্রথম দিকে বনশ্রী সেনগুপ্তের কন্ঠে অসম্ভব জনপ্রিয় হয়েছিল। আজও গানটি শুনলে অদ্ভুত এক ভালোলাগা আমাদের আচ্ছন্ন করে। গানটির পিছনে লুকিয়ে থাকা গল্পের সন্ধানে কথা বলেছিলাম গীতিকার অমিতাভ চৌধুরী এবং গায়িকা বনশ্রী সেনগুপ্তের সাথে। একান্ত আলাপচারিতায় উঠে এল জানা অজানা নানা প্রসঙ্গ।

১৯৫৪ সালের কথা অমিতাভ চৌধুরী তখন শান্তিনিকেতনের ছাত্র, সেই সময় কেনিয়া থেকে টমাস ওকেলো নামে এক বিদেশী পড়াশোনা করতে আসেন। অমিতাভ আর ওকেলো ছিলেন রুমমেট। সে সময় প্রায়ই ওকেলোর মুখে একটি ইংরাজি গান শুনতেন যার কথা এরকম There was a tree/ All in the wood/ The prettiest tree/ That you ever did see....শুনতে শুনতে তাঁর মাথায় আসে এমন একটা গান (ছড়া) তো বাংলাতেও লেখা যায়, যেমন ভাবা তেমনি কাজ অসাধারণ এই ছড়াকারের হাতে জন্ম হয় সুন্দরবনের সুন্দরী গাছ/সবচেয়ে সেরা সেই যে গাছ ....

অমিতাভ চৌধুরী জানালেন ছড়াটি সম্ভবত আনন্দমেলার কোন একটি পূজাবার্ষিকী সংখ্যায় প্রকাশিত হয়েছিল। সাতের দশকের শুরুতে যখন এইচ.এম.ভি-র দায়িত্ব প্রাপ্ত আধিকারিক তাঁকে একটি নতুন গান লেখার অনুরোধ করেন তখন তিনি জানান একটি গান লেখা আছে। গানটি এইচ.এম.ভি-র পছন্দ হয়।

বনশ্রী সেনগুপ্তের কাছে গানটির ইতিহাস জানতে চাওয়াতে স্মৃতির সরণী ধরে গেলেন একটু পিছিয়ে। সেটা ১৯৬০/৬১ সালের কথা, চুঁচুড়া শহরের একটি গানের অনুষ্ঠানে প্রধান আকর্ষণ হিসাবে কলকাতা থেকে যে শিল্পীর আসার কথা ছিল তিনি এসে পৌঁছান বনশ্রীর ভজন শেষ হওয়ার সাথে সাথেই। ফলে শ্রোতারা উঠে দাঁড়ান। নবীন শিল্পী বনশ্রী ভেবে নেন তাঁর গান শুনে ভালো না লাগার কারণেই বোধ হয় শ্রোতারা উঠে দাঁড়িয়েছেন, তিনি সাজঘরে ফিরে কেঁদে ফেলেন। এই সময় একজন 'খুব ফর্সা সাহেব' এসে বনশ্রীকে বাংলায় বলেন তুমি মন খারাপ ক'রো না তোমার এই চোখের জলের দাম তুমি দর্শকদের কাছ থেকেই ফিরে পাবে।

ঘটনার প্রায় বছর দশেক পরে ১৯৭২-৭৩ সাল। সেদিনের ছোট্ট বনশ্রী রায় এখন বিয়ের পর বনশ্রী সেনগুপ্ত। প্রতিভাবান শিল্পী হিসাবে কলকাতায় পরিচিত হয়ে উঠেছেন। সেই সময় এইচ.এম.ভি থেকে দুর্গা পূজো এবং সরস্বতী পূজোতে দুবার নতুন গানের রেকর্ড বের হতো। সে বছর 'বসন্ত বন্দনা'য় যেসব রেকর্ড বের হবে তার জন্য নির্বাচিত হল অমিতাভ চৌধুরীর সুন্দরবনের সুন্দরী গাছ গানটি। সুরকার হিসাবে দায়িত্বে রইলেন সেই খুব ফর্সা 'বাঙালী' সাহেব। তিনি গানটি গাওয়ার জন্য ডেকে পাঠালেন চুঁচুড়ার অনুষ্ঠানে দেখা সেই কিশোরী শিল্পীকে,



সাক্ষাতে জানালেন আজও তাঁর সেই অনুষ্ঠানের পর বনশ্রীর কান্নার কথা মনে আছে, অসাধারণ একটি ছড়া এই 'বাঙালী' সাহেবের জাদু সুরে প্রাণ পেল বনশ্রীর গলায়। পাঠক নিশ্চিতভাবেই বুঝতে পারছেন এই সুরকার স্বনামধন্য ভি. বালসারা। 'বসন্ত বন্দনা'তে প্রকাশিত সেই রেকর্ডের অন্য পাশে ছিল অনুপ ঘোষালের গাওয়া 'ভূষণ্ডীর মাঠে'।

অমিতাভ চৌধুরী'র কথায় যখন তিনি গানটি লিখেছিলেন তখনও তাঁর সুন্দরবন দেখা হয় নি। এ যেন সেই 'চাঁদের পাহাড়' এর মত। পরবর্তীতে বেশ কয়েকবার সুন্দরবন গেছেন। জানালেন পৃথিবীর অনেক জায়গায় ঘুরেছেন কিন্তু সুন্দরবনের মতো জায়গা পৃথিবীতে একটাও নেই। সুন্দরবনের সুন্দরী গাছ গানটির জনপ্রিয়তার পিছনে তাঁর লেখার মত ভি.বালসারার সুর এবং অব্যশই বনশ্রী সেনগুপ্তর সুরেলা কন্ঠেরও অবদান আছে জানাতে ভুললেন না। বললেন আজও এই গানের জন্য এইচ.এম.ভি-র কাছ থেকে রয়্যালটি পান।

পাঠকদের জন্য অমিতাভ চৌধুরীর লেখা ছড়াটি এবং প্রচলিত ইংরাজি ছড়াটি (নার্সারী রাইম) প্রকাশ করা হল। বনশ্রী সেনগুপ্তের কন্ঠে অসাধারণ গানটি যদি কেউ এখনও না শুনে থাকেন তবে এইচ.এম.ভি-র 'আজ বিকেলের ডাকে' অ্যালবাম থেকে শুনে নিতে পারেন। যদিও বাংলা ও ইংরাজি গানটির সুরের পার্থক্য অনেকটাই তবুও আগ্রহীরা ইংরাজি গানটি শুনতে লগ অন করতে পারেন ইউ টিউবে।

সাক্ষাৎকার ঃ শুভদীপ অধিকারী ও জ্যোতিরিন্দ্রনারায়ণ লাহিড়ী।

সুন্দরবনের সুন্দরী গাছ
সবচেয়ে সেরা সেই যে গাছ
গাছটি সুন্দরবনে
চারদিকে রোদ্দুর যেন ঝিলমিল ঝিলমিল কাঁচ
কচি সবুজ পাতার নাচ .......... (২)

গাছের আগায় একটি ডাল
সবচেয়ে সেরা সেই যে ডাল .......... (২)
ডালটি ধরে গাছ
গাছটি সুন্দরবনে
চারদিকে রোদ্দুর যেন ঝিলমিল ঝিলমিল কাঁচ
কচি সবুজ পাতার নাচ ..........

ডালের মধ্যে পাখির নীড়
সবচেয়ে সেরা সেই যে নীড়
নীড়টি ধরে ডাল
ডালটি ধরে গাছ
গাছটি সুন্দরবনে ..........

পাখির নীড়ে একটি ডিম
সবচেয়ে সেরা সেই যে ডিম .......... (২)
ডিমটি ধরে নীড়
নীড়টি ধরে ডাল
ডালটি ধরে গাছ
গাছটি সুন্দরবনে ..........

ডিমের মধ্যে এক কুসুম
সবচেয়ে সেরা সেই কুসুম .......... (২)
কুসুম ধরে ডিম
ডিমটি ধরে নীড়
নীড়টি ধরে ডাল
ডালটি ধরে গাছ
গাছটি সুন্দরবনে ..........

কুসুম জুড়ে এক পাখি
সবচেয়ে সেরা সেই পাখি .......... (২)
পাখির সে কুসুম
কুসুম ধরে ডিম
ডিমটি ধরে নীড়
নীড়টি ধরে ডাল
ডালটি ধরে গাছ
গাছটি সুন্দরবনে ..........

পাখির গায়ে এক পালক
সবচেয়ে সেরা সেই পালক .......... (২)
পালক গায়ে পাখি
পাখির সে কুসুম
কুসুম ধরে ডিম
ডিমটি ধরে নীড়
নীড়টি ধরে ডাল
ডালটি ধরে গাছ
গাছটি সুন্দরবনে ..........
চারিদিকে রোদ্দুর যেন ঝিলমিল ঝিলমিল কাঁচ
কচি সবুজ পাতার নাচ।

There was a tree (2)
All in the wood (2)
The prettiest tree (2)
That you ever did see (2)

The tree in a hole
And the hole in the ground
And the green grass grows all around, all around
The green grass grows all around

And on that tree (2)
There was a limb (2)
The prettiest limb (2)
That you ever did see (2)

The limb on the tree
And the tree in a hole
And the hole in the ground
And the green grass grows all around, all around
The green grass  grows all around.

And on that limb (2)
There was a branch (2)
The prettiest branch (2)
That you ever did see (2)

The branch on the limb
And the limb on the tree
And the tree in a hole.
And the hole in the ground
And the green grass grows all around, all around
The green grass grows all around.
… … … …
The germ on the bug
And the bug on the feather
The feather on the wing
And the wing on the bird
And the bird in the egg
And the egg in the nest
And the nest on the branch
And the branch on the limb
And the limb on the tree
And the tree in a hole
And the hole in the ground
And the green grass grows all around, all around
The green grass grows all around.